



অ্যাডমিরাল পদে পদোন্নতি পেলেন নৌবাহিনী প্রধান খোন্দকার মিসবাহ



নৌবাহিনী প্রধান খোন্দকার মিসবাহ। ছবি: সংগৃহীত

বাংলাদেশ নৌবাহিনীর প্রধান খোন্দকার মিসবাহ উল আজীমকে অ্যাডমিরাল পদে উন্নীত করা হয়েছে। রোববার (২৩ আগস্ট) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে তাঁর পদোন্নতির বিষয়টি জানিয়েছে।

এর আগে গত ২৩ জুলাই নৌবাহিনী প্রধান হিসেবে দায়িত্ব নেন ভাইস অ্যাডমিরাল খোন্দকার মিসবাহ উল আজীম। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী, ২০২৯ সালের ২২ জুলাই পর্যন্ত তিন বছরের মেয়াদে তাঁকে বাংলাদেশ নৌবাহিনীর প্রধানের দায়িত্ব দেওয়া হয়।

১৯৮৭ সালের ১ জানুয়ারি বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দেন খোন্দকার মিসবাহ উল আজীম। দুই বছর পর ১৯৮৯ সালে এক্সিকিউটিভ শাখায় কমিশন লাভ করেন তিনি। কর্মজীবনের শুরুতে রয়্যাল মালয়েশিয়ান নৌবাহিনীতে প্রশিক্ষণ নেন। পরবর্তী সময়ে দেশ ও বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানে সামরিক প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা সম্পন্ন করেন। মেরিটাইম গভর্ন্যান্স বিষয়ে পিএইচডিও অর্জন করেছেন তিনি।

নৌবাহিনীতে দীর্ঘ কর্মজীবনে কমান্ড ও প্রশাসনের পাশাপাশি প্রশিক্ষণ এবং অপারেশনাল বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন খোন্দকার মিসবাহ উল আজীম। কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, কমান্ডার ঢাকা নৌ অঞ্চল, কমান্ডার সাবমেরিন এবং বাংলাদেশ নেভাল একাডেমির কমান্ড্যান্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন।

নৌ সদর দফতরেও গুরুত্বপূর্ণ দায়িত্বে ছিলেন তিনি। সেখানে পরিচালক নৌ অপারেশনস এবং পরিচালক নৌ পরিকল্পনা হিসেবে কাজ করেছেন। একই সঙ্গে বিভিন্ন যুদ্ধজাহাজ ও নৌঘাঁটির নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতাও রয়েছে তাঁর।

জাতিসংঘের অধীনে আন্তর্জাতিক শান্তিরক্ষা কার্যক্রমেও দায়িত্ব পালন করেছেন খোন্দকার মিসবাহ উল আজীম। লেবানন ও গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে তিনি দায়িত্ব পালন করেন।

কর্মজীবনের আরেক পর্যায়ে ওমানে বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। রাষ্ট্রদূত থাকাকালে বাংলাদেশ ও ওমানের দ্বিপাক্ষীয় সম্পর্ক উন্নয়ন এবং দেশটিতে বসবাসরত বাংলাদেশিদের কল্যাণে কাজ করেন।